রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২৭, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৭শে মে, ১৯৮৭/১২ই জ্যৈষ্ঠ, ১৩৯৪

নং এস, আর, ও ১৮-এল/৮৭/শা-১০/নিম্ন-৯/৮৭—১৯৬১ সালের নিম্নতম মজুরী অধ্যাদেশ (১৯৬১ সালের ৩৯ নং অধ্যাদেশ)-এর ৬(১) (ক) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছেন যে, উক্ত অধ্যাদেশের ৫ ধারার বিধান মোতাবেক "অটোমোবাইল কারখানা শিল্প" প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের মজুরী হার নির্ধারণের উদ্দেশ্যে উক্ত অধ্যাদেশের



মূল্য : ৬০ পয়সা

৩ ধারার অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরী হারসমূহ উপরিউল্লেখিত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবেঃ

তফসিল

"ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদবি যাগ ও শ্রেণী বিভাগ | ১ম শ্রেণী (ক) | | | ১ম শ্রেণী (খ) | | | ২য় শ্রেণী | | | ৩য় শ্রেণী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট |
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| উচ্চতর দক্ষ ঃ | ১১৫১ | ৪৮৫ | ১৬৩৬ | ১০৪৬ | ৪৫৪ | ১৫০০ | ৯৫১ | ৪২৫ | ১৩৭৬ | ৮৬৫ | ৩৯৯ | ১২৬৪ |
| ১। ফোরম্যান | | | | | | | | | | | | |
| ২। মেকানিক্যাল সুপারভাইজার | | | | | | | | | | | | |
| ৩। সিনিয়র মেকানিক্স | | | | | | | | | | | | |
| ৪। সিনিয়র টেকনিশিয়ান | | | | | | | | | | | | |
| ৫। হেডফিটার/সিনিয়র ফিটার | | | | | | | | | | | | |
| ৬। সিনিয়র হিসাব রক্ষক | | | | | | | | | | | | |
| ৭। হেড ড্রাইভার/সিনিয়র ড্রাইভার | | | | | | | | | | | | |
| দক্ষ ঃ | ৯৭১ | ৪৩১ | ১৪০২ | ৮৮৩ | ৪০৫ | ১২৮৮ | ৮০৩ | ৩৮১ | ১১৮৪ | ৭৩০ | ৩৫৯ | ১০৮৯ |
| ১। মেকানিকস্ | | | | | | | | | | | | |
| ২। ফিটার | | | | | | | | | | | | |
| ৩। অটো-ইলেকট্রিশিয়ান | | | | | | | | | | | | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ। | ১ম শ্রেণী (ক) | | | ১ম শ্রেণী (খ) | | | ২য় শ্রেণী | | | ৩য় শ্রেণী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট |
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| ৪। ইলেকট্রিশিয়ান | | | | | | | | | | | | |
| ৫। ডেন্টার | | | | | | | | | | | | |
| ৬। মেশিনিষ্ট (সকল শ্রেণীর)/ টার্ণার/সাফারম্যান | | | | | | | | | | | | |
| ৭। টিনস্মিথ | | | | | | | | | | | | |
| ৮। ওয়েল্ডার | | | | | | | | | | | | |
| ৯। পেইন্টার | | | | | | | | | | | | |
| ১০। কার্পেন্টার | | | | | | | | | | | | |
| ১১। হেড ক্লার্ক | | | | | | | | | | | | |
| ১২। হিসাব রক্ষক | | | | | | | | | | | | |
| ১৩। ক্যাশিয়ার | | | | | | | | | | | | |
| ১৪। ষ্টোর কিপার | | | | | | | | | | | | |
| ১৫। ফার্মাসিস্ট | | | | | | | | | | | | |
| ১৬। ড্রাইভার | | | | | | | | | | | | |
| আধা-দক্ষ ঃ | ৭৯৯ | ৩৮০ | ১১৭৯ | ৭২৬ | ৩৫৮ | ১০৮৪ | ৬৬০ | ৩৩৮ | ৯৯৮ | ৬০০ | ৩২০ | ৯২০ |
| ১। জুনিয়র টেকনিশিয়ান | | | | | | | | | | | | |
| ২। এসিসটেন্ট মেকানিক | | | | | | | | | | | | |
| ৩। এসিসটেন্ট অটোইলেকট্রিশিয়ান | | | | | | | | | | | | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ। | ১ম শ্রেণী (ক) | | | ১ম শ্রেণী (খ) | | | ২য় শ্রেণী | | | ৩য় শ্রেণী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট |
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| ৪। এসিসটেন্ট ইলেকট্রিশিয়ান | | | | | | | | | | | | |
| ৫। এসিসটেন্ট ডেন্টার | | | | | | | | | | | | |
| ৬। এসিসটেন্ট টিনস্মিথ | | | | | | | | | | | | |
| ৭। এসিসটেন্ট ওয়েল্ডার | | | | | | | | | | | | |
| ৮। এসিসটেন্ট পেইন্টার | | | | | | | | | | | | |
| ৯। এসিসটেন্ট মেশিনিষ্ট (সকল শ্রেণীর)/এসিসটেন্ট টার্ণার/ এসিসটেন্ট সাফারম্যান | | | | | | | | | | | | |
| ১০। এসিসটেন্ট কার্পেন্টার | | | | | | | | | | | | |
| ১১। সার্ভিসিং এটেনডেন্ট | | | | | | | | | | | | |
| ১২। স্টোর এসিসটেন্ট | | | | | | | | | | | | |
| ১৩। টাইপিষ্ট | | | | | | | | | | | | |
| ১৪। রিসেপশনিষ্ট | | | | | | | | | | | | |
| ১৫। একাউন্টস ক্লার্ক | | | | | | | | | | | | |
| ১৬। ক্লার্ক/অফিস সহকারী | | | | | | | | | | | | |
| ১৭। ওয়ার্ক এসিসটেন্ট | | | | | | | | | | | | |
| ১৮। টেলিফোন অপারেটর | | | | | | | | | | | | |
| ১৯। জমাদার | | | | | | | | | | | | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ। | ১ম শ্রেণী (ক) | | | ১ম শ্রেণী (খ) | | | ২য় শ্রেণী | | | ৩য় শ্রেণী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট |
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| অদক্ষ : | ৬২৫ | ৩২৭ | ৯৫২ | ৫৬৮ | ৩১০ | ৮৭৮ | ৫১৭ | ২৯৫ | ৮১২ | ৪৭০ | ২৮১ | ৭৫১ |
| ১। সাধারণ শ্রমিক | | | | | | | | | | | | |
| ২। অন্যান্য সাহায্যকারী | | | | | | | | | | | | |
| ৩। পিয়ন | | | | | | | | | | | | |
| ৪। দারোয়ান | | | | | | | | | | | | |
| ৫। নাইট গার্ড | | | | | | | | | | | | |
| ৬। ক্লিনার/সুইপার | | | | | | | | | | | | |
| ৭। মালী | | | | | | | | | | | | |
| ৮। বাবুর্চি | | | | | | | | | | | | |

বিঃ দ্রঃ—প্রান্তিক ভাতা বলিতে বুঝায়ঃ

১। বাড়ী ভাড়া ভাতা : মূল মজুরীর ৩০%।
২। চিকিৎসা ভাতা : ১০০ টাকা মাসিক।
৩। যাতায়াত ভাতা : ৪০ টাকা মাসিক।

"খ" পরিচ্ছেদ (শিল্প প্রতিষ্ঠানের শ্রেণীবিভাগের ব্যাখ্যা)

১। প্রথম শ্রেণী (ক) : যে সকল "অটোমোবাইল ওয়ার্কশপ"-এ নিম্নলিখিত ৯ বা ততোধিক কাজের সুযোগ-সুবিধা বিদ্যমান এবং কাজ সম্পন্ন হয়ঃ- (১) সংযোজন (এ্যাসেম্বলী), (২) বডি বিল্ডিং (গাড়ীর বিভিন্ন ধরনের বডি প্রস্তুত), (৩) মেকানিক্যাল রিপিয়ারিং (মেজর), (৪) মেকানিক্যাল রিপিয়ারিং (মাইনর), (৫) টিনস্মিথ (ডেন্টিং), (৬) পেইন্টিং, (৭) সার্ভিসিং, (৮) মেশিন সপ (লেদ মেশিন, সাপার মেশিন, বেন্ডিং, গ্রেন্ডিং, মিলিং, ড্রিলিং ও ওয়েলডিং), (৯) অটোমোবাইল ইলেকট্রিক্যাল ওয়ার্কস্।

২। প্রথম শ্রেণী (খ) : শুধুমাত্র সংযোজন ও মেশিনসপ কাজ ব্যতিরেকে অন্যান্য ৭(সাত) রকমের কাজ যে সমুদয় ওয়ার্কসপ শিল্প প্রতিষ্ঠানে সম্পন্ন হয়।

৩। দ্বিতীয় শ্রেণী : পাঁচের অধিক শ্রমিকদ্বারা পরিচালিত এবং সংযোজন ও মেসিনসপ নাই কিন্তু প্রথম শ্রেণী (ক)-এ উল্লেখিত কাজের মধ্যে পাঁচ বা তাহার কম যেখানে সম্পন্ন হয়।

৪। তৃতীয় শ্রেণী : পাঁচ বা তাহার কম সংখ্যক শ্রমিক দ্বারা উল্লেখিত সংযোজন ও মেশিনসপ কাজ ব্যাতরেকে অন্য যে কোন কাজ সম্পন্ন করা হয় এইরূপ ওয়ার্কসপ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মাইজুদ্দিন আহমদ
উপ-সচিব।

**বিশেষ দ্রষ্টব্যঃ** এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশ, ১৯৮৬ হুবহু প্রকাশ করা হইল।

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

"অটোমোবাইল কারখানা" শিল্প প্রতিষ্ঠান

সুপারিশ, ১৯৮৬

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯)-এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯শে জুন, ১৯৮৪ তারিখের এস.আর.ও. ২৬৭-এল/৮৪/শা-১০/২(১)/৮৪ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা অত্র বোর্ডকে "অটোমোবাইল কারখানা" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী সুপারিশের নির্দেশ দেন এবং উক্ত শিল্পে প্রতিনিধিত্ব করার জন্য ৮ই জানুয়ারী, ১৯৮৫ তারিখের এস. আর. ও. ২৭-এল/৮৫/শা-১০/২(১)৮৪ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা উক্ত শিল্পের মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

বোর্ড "অটোমোবাইল কারখানা" পরিদর্শন করিয়া উহার বর্তমান অবস্থা, শ্রমিকদের কর্মপদ্ধতি, জীবিকা নির্বাহের ব্যয়, মজুরী রেজিস্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক উক্ত খসড়া সুপারিশ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন।

অতঃপর খসড়া সুপারিশ পর্যালোচনাক্রমে ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেনঃ

১। বাংলাদেশে অবস্থিত সমস্ত "অটোমোবাইল কারখানা" শিল্প প্রতিষ্ঠানকে কাজের মান, শ্রমিক সংখ্যা, আয় ইত্যাদি বিবেচনাক্রমে (১) প্রথম শ্রেণী-(ক), (২) প্রথম শ্রেণী-(খ), (৩) দ্বিতীয় শ্রেণী ও (৪) তৃতীয় শ্রেণী মোট চার শ্রেণীতে বিভক্ত করা হয় যাহা প্রয়োজনীয় ব্যাখ্যাসহ অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "খ"-এ বলা হইয়াছে।

২। "অটোমোবাইল কারখানা" শিল্পে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা, কাজের ধারা, ঝুঁকি ইত্যাদি বিবেচনাক্রমে (১) উচ্চতর দক্ষ, (২) দক্ষ, (৩) আধা-দক্ষ ও (৪) অদক্ষ এই চার শ্রেণীতে বিভক্ত করা হয় যাহা সংযোজিত পরিচ্ছেদ "ক"-এ বলা হইয়াছে।

৩। এই সুপারিশ ঘোষণার পর হইতে শিল্প প্রতিষ্ঠানগুলির মালিকগণ "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদের যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৪। যদি কোন কারণে কোন পদ "ক" পরিচ্ছেদ-এ উল্লেখ না থাকে তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক অবশ্যই উক্ত পদের শ্রেণী নির্ধারণক্রমে "ক" পরিচ্ছেদে লিখিত নিম্নতম মজুরী প্রদান করিবেন এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডকে জানাইবেন।

৫। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় কার্য করিবেন।

৬। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরণ ভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পায়।

৮। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল ফ্যাক্টরী আইনে নিয়ন্ত্রিত হইবে।

৯। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

এ, কে, এম, আজিজুল হক
চেয়ারম্যান
নিম্নতম মজুরী বোর্ড,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা

ডঃ তাহেরুল ইসলাম
নির্দলীয় সদস্য

কে, এম, নাসিরুল হক
মালিকের পক্ষে সদস্য

মোঃ ইব্রাহীম
শ্রমিক পক্ষের সদস্য

আসগর করিম
মালিক পক্ষের সদস্য

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।